রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.২৪.২০৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | আহ্বায়ক |
| (২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | উপদেষ্টা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | উপদেষ্টা, প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (৯) | প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিরক্ষা ও জাতীয় সংহতি উন্নয়ন বিষয়ক) | : | সদস্য |
| (১০) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| (১১) | সেনাবাহিনী প্রধান | : | সদস্য |
| (১২) | নৌবাহিনী প্রধান | : | সদস্য |
| (১৩) | বিমান বাহিনী প্রধান | : | সদস্য |
| (১৪) | প্রধান উপদেষ্টার মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | : | সদস্য |
| (১৫) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (১৬) | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৭) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) দেশের নিরাপত্তা এবং প্রতিরক্ষা সংক্রান্ত যাবতীয় সমস্যাবলি ও কার্যক্রমের পুনরীক্ষণ (review);

(২) দেশের অভ্যন্তরীণ নিরাপত্তাজনিত পরিস্থিতির মূল্যায়ন ও পুনরীক্ষণ;

(৩) দেশের নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদির উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান এবং প্রয়োজনে উপদেষ্টা পরিষদের জন্য সুপারিশ প্রণয়ন; এবং

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(গ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জানুয়ারি ২০২৪ তারিখের ০৪.০০. ০০০০.৬১১. ০৬.০০১.২৪.২৯ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd